গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৬.০৬১.২২. ৯৬৯৬

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ / ১১ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী**

তারিখ : ৩১.০৮.২০২৩ খ্রি:
সময় : বিকাল ৩:৩০ টা
স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ
সভাপতি : পরিচালক (প্রশাসন), বিটিভি।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সকলের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ২০২৩-২৪ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। সদস্য-সচিব জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ টেলিভিশনের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়ে থাকে। সভায় ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ২০২৩-২৪ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয় সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | সেবা/অফিস ব্যবস্থাপনা/ সহজীকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ২০২৩-২৪ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে অফিস ব্যবস্থাপনা উদ্ভাবনী উদ্যোগ/ডিজিটাইজেশন/সেবা সহজীকরণ বিষয়ক সেমিনার/ কর্মশালার আয়োজন করা সমীচীন। সেমিনার/ কর্মশালার পরবর্তী কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন যোগ্য ধারণা আহবান করা যেতে পারে। পরবর্তিতে ধারণা প্রাপ্তির লক্ষ্যে ১৫ দিনের সময় উল্লেখপূর্বক সকল শাখা/কেন্দ্র/উপকেন্দ্রের ধারণা প্রস্তাব আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া, সদর দপ্তরের একটি উদ্ভাবনী উদ্যোগ হিসেবে যানবাহনের মোবাইল ট্র্যাকার সংস্থাপনের উদ্যোগ নেয়া যেতে পারে। | পরিচালক (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| ০২. | ইত:পূর্বে উদ্ভাবিত/সহজীকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত প্রক্রিয়া অনুযায়ী কার্যকর/চালুর বিষয়ে হালনাগাদ তথ্য এবং সেবাসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট শাখার নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম ও প্রশাসন শাখা |
| ০৩. | আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত | বিটিভি সদর দপ্তর, ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্র হতে প্রাপ্ত বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা প্রদর্শনী (শোকেসিং) এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ পর্যালোচনা ও যাচাই বাছাইপূর্বক শোকেসিং এর উদ্যোগ নেয়া হবে। | ইনোভেশন টিম |
| ০৪. | ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | বিটিভির ই-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে প্রত্যেক শাখাকে তাগিদ প্রদান করতে হবে। সেই সাথে ঢাকা কেন্দ্রের সকল শাখায় জরুরি ভিত্তিতে ই-নথি চালুর উদ্যোগ গ্রহণ করা হলে বিটিভির ই-নথি নিষ্পত্তির হার আরো বৃদ্ধি পাবে।<br>এ অবস্থায়, কর্মপরিকল্পনা মোতাবেক ৮০% বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সচেষ্ট থাকতে নির্দেশনা প্রদান করা হয়। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

চলমান পাতা-০২

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৫. | তথ্য বাতায়ন হালনাগকৃত | তথ্য বাতায়নে সকল সেবাবক্স হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে নিয়মিতভাবে প্রকাশের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য বাতায়ন সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি (স্ক্রীনশটসহ) মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক প্রশাসন শাখাকে অবহিত করতে হবে। | সদস্য-সচিব ইনোভেশন টিম ও সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৬. | আওতাধীন অফিসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ | ঢাকা/চট্টগ্রাম হালনাগাদ তথ্য/প্রকাশনা তথ্য বাতায়নে নিয়মিতভাবে হালনাগাদ নিশ্চিত করতে হবে। সেই সাথে হালনাগাদকৃত তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে (স্ক্রীনশট) প্রমাণকসহ প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৭. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/ সেমিনার আয়োজিত | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মপরিকল্পনা মোতাবেক চলতি অর্থবছরে ০২টি কর্মশালা আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট ডেস্ক অফিসারকে সচেষ্ট থাকতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন-২) |
| ০৮. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে দ্রুত একটি কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মশালায় অংশগ্রহণকৃত সদস্যগনের নিকট হতে দাখিলকৃত প্রতিবেদন মোতাবেক স্মাট বাংলাদেশ বিনির্মাণে বিটিভির কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে। | পরিচারক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন-২), বিটিভি ঢাকা। |

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-
আফছানা বিলকিস
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩২২২৬ (অফিস)

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং: ২৪৫০ তারিখ: ২২/০৯/২৩

নং-১৫.৫৪.০০০০.০২১.০৬.০৬১.২২.৯৬৯৬/৯(১২)

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ / ১১ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ/অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৩। পরিচালক ............................ (সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
০৫। জনাব ওবায়দুল্লাহ আহম্মদ, সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৬। জনাব মুহাম্মদ আনিসুর রহমান, সিনিয়র ইঞ্জিনিয়ার (চলতি দায়িত্ব), বিটিভি, ঢাকা
০৭। কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (উপস্থাপন), বিটিভি, ঢাকা কেন্দ্র
০৮। জনাব শামছুল আলম, নির্বাহী প্রযোজক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র
০৯। সহকারী পরিচালক (প্রশাসন-২ ও ৩),বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
১১। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। কার্যালয় নথি।

১১/৯/২০২৩
মো: নাছিমুজ্জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
ও
সদস্য-সচিব,ইনোভেশন টিম

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | ☐ উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | ☐ কথা বলুন |
| পিএ | ☐ তাগিদ দিন |
| | |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

Sikder 24/9/23
Website-এ প্রকাশ করুন
২৪/৯/২৩